

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৮০/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২১/১০/২০১৩খ্রিঃ

০৬ কার্তিক, ১৪২০ বঙ্গাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-NBR/IT/AWIP/ADMIN-P(1)/2012/216, তারিখঃ ২০/১০/২০১৩ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা-১০০০।

নথি নং NBR/IT/AWIP/ADMIN-P(1)/2012/216

তারিখঃ ২০/১০/২০১৩

জনাব এস. কে. সূর চৌধুরী
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক

(দৃষ্টি আকর্ষণঃ মহা-ব্যবস্থাপক, ফরেন এক্সজেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট)

বিষয়ঃ আমদানিকারক হিসাবে ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) গ্রহণ ব্যতিরেকে পণ্য আমদানি ও আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নংঃ এফইপিডি (আমদানি নীতি)১২৩/২০১৩-০৬, তারিখঃ ১৩-০৩-২০১৩।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ কাস্টমস এর নতুন ASYCUDA World Automation System এর আওতায় সম্প্রতি এলসি, বিএলসহ অন্যান্য শিপিং দলিলাদির উপর আমদানিকারকের নামের পাশাপাশি সঠিক ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ করা বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে কতিপয় প্রতিষ্ঠান উৎপাদনকারী/সরবরাহকারী (Manufacturer/Supplier) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ করলেও আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ ব্যতিরেকেই বাণিজ্যিক ব্যাংক হতে এলসি খুলে পণ্য আমদানি করছেন। এতে পণ্যসামগ্রী বাংলাদেশের বন্দরে আসার পর কাস্টমস প্রক্রিয়াকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে এবং ফলশ্রুতিতে পণ্য খালাসে বিলম্ব হচ্ছে। উল্লেখ্য, বাণিজ্য মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC) ব্যতিরেকে কোন প্রকার আমদানি কার্যক্রম পরিচালনা করা বিধিসম্মত নয়। জাতীয় রাজস্ব বোর্ড আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC)-এর বিপরীতে আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন প্রদান করে।

০২। এছাড়া, বন্দর কর্তৃপক্ষের যথাযথ কন্টেইনার ব্যবস্থাপনার লক্ষ্যে আমদানীয় পণ্যের কার্গো মেনিফেস্টে পণ্যের সঠিক এইচ. এস. কোড উল্লেখের লক্ষ্যে আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ করা একান্ত অপরিহার্য।

০৩। বর্ণিত পরিস্থিতিতে, এলসি আবেদনকারীর ভ্যাট নিবন্ধন সনদপত্রে ব্যবসায়ের প্রকৃতি যাই উল্লেখ থাকুক না কেন এর পাশাপাশি Importer উল্লেখ করা না থাকলে - তা ভ্যাট নিবন্ধন সনদপত্রে অন্তর্ভুক্তি ব্যতিরেকে কোন এলসি যেন ইস্যু করা না হয়, তা সকল বাণিজ্যিক ব্যাংক নিশ্চিত করবে। এছাড়া, আমদানি বিল অব লেডিং - এ পণ্যের বিবরণের পাশাপাশি এইচ. এস. কোড উল্লেখ করার বিষয়টি এলসিতে অত্যাৱশ্যকীয় শর্ত হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে কোন বিচ্যুতি দেখা গেলে সংশ্লিষ্ট ব্যাংক তার দায়-দায়িত্ব বহন করবে।

০৩। বিষয়টি একটি সার্কুলারের মাধ্যমে সকল বাণিজ্যিক ব্যাংক-কে জানানো এবং তা অবিলম্বে কার্যকর করে প্রতিপালনের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(ফাহাদ আল ইসলাম)

দ্বিতীয় সচিব (শুধু)

ও

উপ-প্রকল্প পরিচালক, এয়াসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচী

টেলিফোনঃ ০২-৯৩৫০৪২৭

E-mail: alislam@customs.gov.bd